# ষষ্ঠ ও সপ্তম শ্রেণির সেশন পরিকল্পনার পুনঃবিবেচনা
## বিষয়: গণিত

ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে নতুন শিক্ষাক্রম এই বছরেই চালু করা হলো বিধায় শিক্ষক, শিক্ষার্থী, বিদ্যালয়ের প্রশাসক, সবারই নিজেদের প্রস্তুত করতে ও নতুন শিক্ষাক্রমে অভ্যস্ত হতে কিছুটা সময় বেশি লেগেছে। তাই জানুয়ারি থেকে জুলাই মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত যতগুলো শিখন অভিজ্ঞতা সম্পন্ন করার পরিকল্পনা ছিল, অনেক ক্ষেত্রেই তা করা সম্ভব হয় নি।

**ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে ষষ্ঠ ও সপ্তম শ্রেণির যে অভিজ্ঞতা গুলোর মুল্যায়ন হয়েছে –**

| ষষ্ঠ শ্রেণি | **সপ্তম শ্রেণি** |
|---|---|
| সংখ্যার গল্প | সূচকের গল্প |
| পূর্ণ সংখ্যার জগৎ | অজানা রাশির সূচক, গুণ ও তাদের প্রয়োগ |
| মৌলিক উৎপাদকের গল্প | ভগ্নাংশের গসাগু ও লসাগু |

**ষষ্ঠ ও সপ্তম শ্রেণির যে অভিজ্ঞতাগুলো বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের পূর্বে শেষ করতে হবে –**

| **শ্রেণি** | **অবশিষ্ট অভিজ্ঞতার সংখ্যা** | **পূর্ব পরিকল্পনা অনুযায়ী সেশন সংখ্যা** | **সামষ্টিক মূল্যায়নের পূর্বে যে কয়টি শ্রেণি সময় আছে (২৩ জুলাই – ১০ নভেম্বর)** |
|---|---|---|---|
| ষষ্ঠ | ৯ টি | ৯৮ | ১৬ সপ্তাহে (১৬×৪) ৬৪ টি সেশন |
| সপ্তম | ১০টি | ৯৭ | ১৬ সপ্তাহে (১৬×৪) ৬৪ টি সেশন |

এছাড়া, সরকারি ছুটি, অন্যান্য বিষয়ের দিনব্যাপী শ্রেণি কার্যক্রম, প্রাকৃতিক দূর্যোগ ইত্যাদি কারনে শ্রেণিভেদে কয়েকটি সেশন অতিরিক্ত প্রয়োজন হতে পারে। এই পরিপ্রেক্ষিতে, কিছু নির্দেশনা প্রস্তাব করা হল যা অনুসরণ করে শিক্ষকগণ যথা সময়ে সিলেবাসের সকল শিখন অভিজ্ঞতা শেষ করতে পারবেন।

**মনে রাখতে হবে, এই নির্দেশনা বা প্রস্তাব কেবল ২০২৩ সালের জন্য প্রযোজ্য। ২০২৪ সাল থেকে যথাযথভাবে শিক্ষক সহায়িকা অনুসরণ করে শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে হবে।**

# ৬ষ্ঠ শ্রেণি

| শিখন অভিজ্ঞতার শিরোনাম | শিক্ষকদের জন্য নির্দেশনা এবং পরিমার্জনের কৌশল | পূর্বনির্ধারিত সেশন সংখ্যা | পরিমার্জিত সেশন সংখ্যা |
|---|---|---|---|
| **শিখন অভিজ্ঞতা ৪ - মৌলিক উৎপাদকের গাছ** | • ১ম সেশন প্রদর্শনীর জন্য মৌলিক উৎপাদকের ধারণা লাভ করবে এবং মৌলিক উৎপাদক নির্ণয় পদ্ধতি শিখবে এই সেশনে। পরবর্তী দিন স্কুল ছুটির পর প্রদর্শনীর সময় রাখুন।<br>• সেশন ২-৩ গসাগু নির্ণয়ের বিভিন্ন পদ্ধতি আয়ত্ত করার জন্য শিক্ষার্থীরা কাজ করবে।<br>• সেশন ৪-৫ লসাগু নির্ণয়ের বিভিন্ন পদ্ধতি আয়ত্ত করার জন্য শিক্ষার্থীরা কাজ করবে।<br>• সেশন ৬ অনুশীলনীর সমাধান আলোচনা করুন। | ১২ | ৬ |
| **শিখন অভিজ্ঞতা ৫ - দৈর্ঘ্য মাপি** | • সেশন ১ - শিক্ষার্থীরা পরিমাপের আন্তর্জাতিক আদর্শ মানের ধারণা এবং দৈর্ঘ্য পরিমাপের বিভিন্ন এককের পার্থক্য সনাক্ত করতে পারছে কিনা তা নিশ্চিত করবেন। কাগজের স্কেল বাড়িতে তৈরি করতে বলবেন।<br>• সেশন ২-৪ শ্রেণিকক্ষ ও সিঁড়ি পরিমাপের দলগত কাজের ক্ষেত্রে পরিমাপের কাজ আগের সেশনে স্কুল ছুটির পর করে রাখতে বলবেন। এই সেশনে ঐ পরিমাপের হিসাবের ছক পূরণ করবে এবং উপস্থাপন করবে। সতীর্থ মূল্যায়ন রুব্রিক্স ব্যবহার করবে দলগত কাজের সময়।<br>• সেশন ৪- অনুশীলনীর কাজ পর্যালোচনা করুন। | ৫ | ৪ |
| **শিখন অভিজ্ঞতা ৬ - পূর্ণ সংখ্যার জগৎ** | • সেশন ১-২ ঋণাত্মক পূর্ণ সংখ্যার ধারণা ও ব্যবহার আলোচনা করুন।<br>• সেশন ৩-৫ এ শিক্ষার্থীরা সংখ্যারেখায় পূর্ণসংখ্যার যোগ ও বিয়োগের কাজ করবে।<br>• সেশন ৬- অনুশীলনীর কাজ পর্যালোচনা করুন। | ১২ | ৬ |
| **শিখন অভিজ্ঞতা ৭- ভগ্নাংশের খেলা** | • সেশন ১ এ শিক্ষার্থীরা ভগ্নাংশের তুলনা এবং সাধারণ ভগ্নাংশের যোগ ও বিয়োগ সম্পর্কিত কাজ করবে।<br>• সেশন ২ এ শিক্ষক ভগ্নাংশ ও পূর্ণসংখ্যার গুণ ও ভাগ আলোচনা করবেন এবং শিক্ষার্থীরা একক কাজ করবে।<br>• সেশন ৩-৪ এ শিক্ষার্থীরা ভগ্নাংশ এবং ভগ্নাংশের মধ্যে গুণ ও ভাগ সম্পর্কিত সমস্যা সমাধান করবে।<br>• সেশন ৫ এ শিক্ষক সুবর্ণপুরের বাশিয়ালা ও সম্পদ ভাগাভাগি গল্পের ব্যাখ্যা প্রদান করবেন। শিক্ষার্থীরা ধাপ অনুসরণ করে সমস্যা সমাধান করবে। | ১৮ | ১০ |

| | | | |
|---|---|---|---|
| | • সেশন ৬-৮ এ শিক্ষার্থীরা দশমিক ভগ্নাংশ ও পূর্ণসংখ্যার গুণ ও ভাগ আয়ত্ত করবে।<br>• সেশন ৯-১০ এ শিক্ষার্থীরা দশমিকে দশমিকে গুণ ও ভাগ এর কাজ করবে। একক কাজের সমাধানগুলো পর্যালোচনা করুন। | | |
| **শিখন অভিজ্ঞতা ৮ - অজানা রাশির জগৎ** | • সেশন ১-২ দিয়াশলাইয়ের কাঠি দিয়ে প্যাটার্ন তৈরির কাজ দিয়ে সেশন শুরু করবেন এবং এর মাধ্যমে চলক, প্রতীক, রাশি প্রভৃতি ব্যাখ্যা করবেন।<br>• সেশন ৩-৪ প্রক্রিয়া চিহ্নের ব্যবহার আলোচনা এবং বীজগাণিতিক রাশি তৈরির কাজ করবে শিক্ষার্থীরা।<br>• সেশন ৫-৬- রাশি, চলক, পদ, সহগ ও ধ্রুবক এর ধারণা চিত্র দিয়ে ব্যাখ্যা করুন। সদৃশ ও বিসদৃশ পদযুক্ত বীজগণিতীয় রাশি তৈরি করে একাধিক রাশির যোগ, বিয়োগ আয়ত্ত করবে।<br>• সেশন ৭-৮ অনুশীলনীর কাজ পর্যালোচনা করুন। নতুন সমস্যা তৈরি করে প্রত্যেক শিক্ষার্থীর শিখন অগ্রগতি সনাক্ত করুন। | ১২ | ৮ |
| **শিখন অভিজ্ঞতা ৯ - সরল সমীকরণ** | • সেশন ১- দাঁড়িপাল্লার উদাহরণ থেকে সমীকরণ তৈরি করা এবং বৃহত্তর ও ক্ষুদ্রতর চিহ্নের মাধ্যমে সমীকরণ প্রকাশের নিয়ম আয়ত্ত করবে।<br>• সেশন ২-৩ সরল সমীকরণ প্রমাণের যৌক্তিক ব্যাখ্যা প্রদান, প্রদত্ত বাস্তব সমস্যাকে এক চলক বিশিষ্ট সরল সমীকরণের মাধ্যমে প্রকাশ এবং নিজেরা বাস্তব সমস্যা লিখে তা সমীকরণে প্রকাশ করবে।<br>• সেশন ৪-৫ ট্রায়াল এন্ড এরোর এর মাধ্যমে সমীকরণের সমাধান যাচাই করা এবং<br>• সেশন ৬ এ শিক্ষার্থীরা অনুশীলনীর কাজ সমাধান করবে এবং শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। | ৮ | ৬ |
| **শিখন অভিজ্ঞতা ১০- ত্রিমাত্রিক বস্তুর গল্প** | • সেশন ১-২ বাক্সের তল পরিমাপ করা এবং বই এর পৃষ্ঠা ১৭৭-১৭৮ এর কাজ সম্পন্ন করা।<br>• সেশন ৩-৪- ত্রিমাত্রিক বস্তুর সমগ্র তলের ক্ষেত্রফল নির্ণয় সংক্রান্ত বাস্তব সমস্যার অনুশীলনীর কাজ মূল্যায়ন করে ফলাবর্তন প্রদান। ত্রিমাত্রিক বস্তুর মডেল তৈরির কাজ বাড়িতে করার নির্দেশ প্রদান করুন এবং প্রদর্শনী ছুটির পরে রাখুন।<br>• সেশন ৫-৭ “বাক্সে বাক্সে বন্দী বাক্সের’ কাজগুলো শিক্ষার্থীরা সম্পন্ন করবে, শিক্ষক সহায়তা করবেন, কাজ পর্যবেক্ষণ করে শিখনকালীন মূল্যায়ন করবেন। | ৯ | ৭ |
| **শিখন অভিজ্ঞতা ১১ - ঐকিক নিয়ম,** | • সেশন ১-২- ডিমের দোকানে ১ দিন এবং দেয়াল রঙ করি গল্পের ব্যাখ্যার মাধ্যমে বাস্তব জীবনে ঐকিক নিয়মের ব্যবহার তুলে ধরবেন। শিক্ষার্থীদের অনুরূপ বাস্তব সমস্যা তৈরি করতে বলুন।<br>• সেশন ৩- গ্রিড রঙ করার মাধ্যমে শতকরার ধারণা প্রদান করুন। | ১৪ | ৭ |

| | | | |
|---|---|---|---|
| **শতকরা এবং অনুপাত** | • সেশন ৪- ভগ্নাংশ ও শতকরার সম্পর্ক বিষয়ক কাজ এবং বার মডেলে শতকরার ব্যাখ্যা আলোচনা করুন।<br>• সেশন ৫- তিশার সিলেট ভ্রমণ গল্পের ব্যাখ্যা ও সমাধান আলোচনা<br>• সেশন ৬ অনুপাত ও সমতুল অনুপাত বিষয়ক ধারণা প্রদান এবং সমস্যা সমাধান<br>• সেশন ৭- অনুশীলনীর কাজ পর্যালোচনা এবং ব্যাখ্যা প্রদান। | | |
| **শিখন অভিজ্ঞতা ১২ - সূত্র খুঁজি সূত্র বুঝি** | • সেশন ১- শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করুন। চকলেট ভাগ করার কাজ করবে কিছু দল এবং অন্য দলগুলোকে কাগজ কেটে নকশা বানাই কাজের নির্দেশনা প্রদান করুন। এইভাবে দুই ধরনের কাজ দিয়ে প্যাটার্ন খুঁজে বের করতে তাদের সাহায্য করুন।<br>• সেশন ২- কাগজ কেটে বর্গাকার কাগজের ক্ষেত্রফল নির্ণয়ের কাজটি শিক্ষক করে দেখাবেন এবং শিক্ষার্থীদের বাড়িতে করার নির্দেশ দিন।<br>• সেশন ৩-4 এ স্বাভাবিক সংখ্যার সমষ্টি নির্ণয়ের কাজটি ব্যাখ্যা করুন। শিক্ষার্থীদের দিয়াশলাই এর কাঠি দিয়ে নকশা তৈরির কাজটি করতে বলুন। কাজের উপস্থাপনা পর্যবেক্ষণ করুন।<br>• সেশন ৫-৬ অনুশীলনীর কাজ পর্যআলোচনা এবং প্রয়োজনে সমাধান ব্যাখ্যা করে দিন। | ৮ | ৬ |
| **মোট ৯ টি অভিজ্ঞতা** | অতিরিক্ত ৪ সেশন রাখা হল রিভিউ সেশন, উপস্থাপনা/ প্রদর্শনীর কাজ এবং শিখনকালীন মুল্যায়নের কাজগুলো সুষ্ঠুভাবে পরিচালনার জন্য। | মোট = ৯৮ সেশন | পরিমার্জনের পর মোট সেশন =৬০ |

# <u>সপ্তম শ্রেণি</u>

| শিখন অভিজ্ঞতার শিরোনাম | শিক্ষকদের জন্য নির্দেশনা এবং সেশন পরিমার্জনের কৌশল | পূর্বনির্ধারিত সেশন সংখ্যা | পরিমার্জিত সেশন সংখ্যা |
|---|---|---|---|
| **শিখন অভিজ্ঞতা ৪- অনুপাত, সমানুপাত** | • সেশন ১ ও ২ এর কাজগুলো ১টি সেশনে সম্পন্ন করুন। জিরাফ পরিমাপের কাজটি শিক্ষক প্রদর্শন করবেন। বইয়ের দৈর্ঘ্য পরিমাপ এবং কাগজ কেটে বিপরীত ভগ্নাংশ দলে করতে দিন।<br>• একক কাজের সমাধান আলোচনা করে বিদ্যালয়ের অবকাঠামো পরিমাপের কাজ এবং নিজেদের উচ্চতার অনুপাত নির্ণয়ের কাজ দলগত কাজের মাধ্যমে একই দিনে সম্পন্ন করান। দুই দল থেকে দুই | ৬ | ৪ |

| | | | |
|---|---|---|---|
| | ধরনের কাজের উপস্থাপনা পর্যবেক্ষণ করুন। প্রয়োজনে ব্যাখ্যা করে দিন।<br>● শেষ দুইটি সেশন শিক্ষক সহায়িকা অনুযায়ী সেশন ৫ ও ৬ অনুসরণ করে সম্পন্ন করুন। | | |
| **শিখন অভিজ্ঞতা ৫- আকৃতি দিয়ে যায় চেনা** | ● ১ম দুইটি সেশনে কাজ ৩ থেকে কাজ ৮ বিভিন্ন দলে ভাগ করে দিয়ে শিক্ষার্থীদের করতে বলুন। তাদের কাজ পর্যবেক্ষণ করুন এবং কাজ শেষে প্রতি দল থেকে ১ জনকে উপস্থাপন করতে বলুন। এই সেশনের শেষে তিন কাঠির খেলা শিক্ষক নিজে দেখিয়ে দিবেন।<br>● সেশন ৩ এ ১১৪ ও ১১৫ পৃষ্ঠার কাজগুলো দলে ভাগ করে করান এবং কাজের ফলাফন উপস্থাপন করতে বলুন। প্রত্যেক শিক্ষার্থীকে প্রতি দলের কাজের ফলাফল ও সিদ্ধান্তগুলো খাতায় লিখে নিতে বলুন।<br>● সেশন ৪ এ ত্রিভুজের বৈশিষ্ট্য সম্পর্কিত ধারণাগুলো ব্যাখ্যা করে দিন এবং একক কাজ বাড়িতে করার নির্দেশনা প্রদান করুন।<br>● সেশন ৫ এ ত্রিভুজের কোণের সম্পর্ক বিষয়ক ধারণাগুলো ব্যাখ্যা করুন এবং ১২৬ পৃষ্ঠার সমস্যাগুলো প্রত্যেক শিক্ষার্থীকে শ্রেণিতে বসে সমাধান করতে বলুন। | ৭ | ৫ |
| **শিখন অভিজ্ঞতা ৬- সর্বসমতা ও সদৃশতা** | ● এই অভিজ্ঞতা পরিচালনার ক্ষেত্রে ৩টি সেশন এ শিক্ষার্থীরা সর্বসমতা বিষয়ক কাজগুলো সম্পন্ন করবে এবং পরের ৩টি সেশনে সদৃশতা বিষয়ক কাজ সম্পন্ন করবে। কাগজের এরোপ্লেন তৈরি করার কাজ শিক্ষক দেখিয়ে দিবেন এবং শিক্ষার্থীরা বাসায় নিজেরা করবে।<br>● খেয়াল রাখুন যে শিক্ষার্থীরা এই অভিজ্ঞতার বিভিন্ন কাজ সংশ্লিষ্ট ছকগুলো পূরণ করতে পেরেছে। কম্পাস দিয়ে কোণ তৈরি করা, চার কাঠির খেলা এবং লাঠি ও সুতার দৈর্ঘ্য পরিমাপের কাজ দেখে শিখনকালীন মূল্যায়ন পরিচালনা করুন। ১৪২ পৃষ্ঠার একক কাজ প্রত্যেক শিক্ষার্থীকে শ্রেণিতে বসেই সমাধান করতে বলুন। | ৮ | ৬ |
| **শিখন অভিজ্ঞতা ৭- বাইনারি সংখ্যার গল্প** | ● এই অভিজ্ঞতার প্রথম সেশন ব্যবহার করুন "বাইনারি সংখ্যা" পদ্ধতি পরিচয় করানোর জন্য। ২-৪ নং সেশনে বাইনারি ও দশমিক সংখ্যার রুপান্তর ব্যাখ্যা করে দিন এবং শিক্ষার্থীদের এই রূপান্তর সম্পর্কিত সমস্যা সমাধান করতে বলুন।<br>● নিশ্চিত করুন যে প্রতিটি শিক্ষার্থী বাইনারি থেকে দশমিক ও দশমিক থেকে বাইনারি রুপান্তর করতে পারছে। সেশন ৫-৭ নং সেশনে প্রত্যেক শিক্ষার্থী এই অভিজ্ঞতার একক কাজগুলো করবে এবং শিক্ষক পর্যবেক্ষণ করে ফলাবর্তন প্রদান করবেন। ৮ নং সেশনে | ১০ | ৮ |

| | | | |
|---|---|---|---|
| | অনুশীলনীর কাজ পর্যালোচনা করুন এবং প্রয়োজনে সমাধান ব্যাখ্যা করে দিবেন। | | |
| **শিখন অভিজ্ঞতা ৮- চলো বৃত্ত চিনি** | • সেশন ১-২ বিভিন্ন উপায়ে বৃত্ত তৈরির কাজগুলো শিক্ষার্থীদের দলে ভাগ করে দিয়ে করাবেন। শিক্ষক প্রয়োজনে ব্যাখ্যা করে দিবেন এবং পরিমাপে সহায়তা করবেন। এই কাজের সাথে ব্যাসার্ধ পরিমাপের পদ্ধতি ব্যাখ্যা করুন এবং ব্যাসার্ধ মেপে দেখেতে বলুন।<br>• সেশন ৩-৪ এ বইয়ের পৃষ্ঠা ১৬৭ থেকে ১৭১ পৃষ্ঠার ধারণা ব্যাখ্যা করুন এবং কিছু কাজ দলে করান। একক কাজগুলো বাড়িতে করার নির্দেশ প্রদান করুন।<br>• সেশন ৫ এ ১৭২-১৭৩ পৃষ্ঠা আলোচনা করুন । এরপর ১৭৪ পৃষ্ঠার ছকের কাজে প্রত্যেক শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করুন। পাই দিবসের তাৎপর্য ব্যাখ্যা করুন এবং ১৭৬ পৃষ্ঠার একক কাজটি বাড়িতে করার নির্দেশ প্রদান করুন ।<br>• সেশন ৬- এ বৃত্তক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয়ের বিভিন্ন পদ্ধতি শ্রেণিকক্ষে কাজের মাধ্যমে ব্যাখ্যা করুন এবং সূত্র নির্ণয়ের কাজগুলো করান।<br>• সেশন ৭ এ প্রত্যেক শিক্ষার্থী একক কাজগুলো সমাধান করবে এবং শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। | ১০ | ৭ |
| **শিখন অভিজ্ঞতা৯- অজানা রাশির উৎপাদক, গসাগু ও লসাগু** | • সেশন ১ এ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয়ের কাজ দিয়ে উৎপাদক নির্ণয়ের কাজ ব্যাখ্যা করে দিন। শিক্ষার্থীরা ১৮৪ পৃষ্ঠার একক কাজ করবে।<br>• সেশন ২ এ কাগজ কেটে রঙ করে উৎপাদক নির্ণয়ের কাজ শিক্ষার্থীদের করে দেখান এবং ১৮৭ পৃষ্ঠার একক কাজটি জোড়ায় করতে দিন। ১১ ও ১২ নং কাজ প্রত্যেক শিক্ষার্থী নিজ নিজ খাতায় করবে। তাদের কাজ পর্যবেক্ষণ করুন।<br>• সেশন ৩ ও ৪ বীজগণিতীয় রাশির গসাগু ও লসাগু নির্ণয়ের পদ্ধতি আলোচনা করুন। প্রত্যেক শিক্ষার্থী ১৯২ পৃষ্ঠার একক কাজ সম্পন্ন করছে – তা নিশ্চিত করুন।<br>• ৫ নং সেশনে অনুশীলনীর কাজ পর্যালোচনা করুন এবং প্রয়োজনে সমাধান ব্যাখ্যা করে দিবেন। | ৮ | ৫ |
| **শিখন অভিজ্ঞতা ১০- নানা রকম আকৃতি মাপি** | • ১ম সেশনে  শিক্ষার্থীদের ট্রাপিজিয়াম আকৃতির সাথে পরিচয় করাবেন এবং কীভাবে পরিমাপ করা যায় জানতে চাইবেন। এই আকৃতির ক্ষেত্রফল পরিমাপের পদ্ধতি এবং ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র | ১৪ | ৭ |

| | | | |
|---|---|---|---|
| | ব্যাখ্যা করবেন। ১৯৩-১৯৪ পৃষ্ঠার ছক বাড়িতে পূরণ করতে দিবেন।<br>● ২য় সেশনে কাগজ কেটে ক্ষেত্রফল নির্ণয়ের নমুনা প্রদর্শন করবেন এবং বাড়িতে করার নির্দেশ দিবেন। প্রত্যেক শিক্ষার্থী শ্রেণিতে বসে ১৯৮ পৃষ্ঠার একক কাজ করবে এবং শিক্ষক পর্যবেক্ষণ করে সহায়তা প্রদান করবেন।<br>● একইভাবে ঘনবস্তু বিষয়ক কাজের জন্য ২টি সেশন এবং সিলিন্ডার বিষয়ক কাজের জন্য ২টি সেশন রাখুন।<br>● প্রত্যেক শিক্ষার্থী ২১৪-২১৬ পৃষ্ঠার একক কাজ শ্রেণিতে সমাধান করবে এবং শিক্ষক সহায়তা প্রদান করবেন। | | |
| **শিখন অভিজ্ঞতা ১১- অজানা রাশির ভগ্নাংশের গল্প** | ● কর্মপত্র ১ এর জন্য ১টি সেশন, কর্মপত্র ২ এর জন্য ১টি সেশন এবং বহুপদী রাশির ভাগ সম্পর্কিত কাজের জন্য ২টি সেশন ব্যবহার করুন। একক কাজগুলো প্রত্যেক শিক্ষার্থী বুঝে সম্পন্ন করেছে -তা নিশ্চিত করুন। | ৫ | ৪ |
| **শিখন অভিজ্ঞতা ১২- অজানা রাশির সমীকরণ** | ● এই অভিজ্ঞতার কাজগুলোর ক্ষেত্রে শিক্ষক বিধিসমূহ ব্যাখ্যা করবেন এবং শিক্ষার্থীরা একক কাজগুলো সম্পন্ন করবে।<br>● ১ম সেশন এক চলক বিশিষ্ট সরল সমীকরণ ব্যাখ্যা করুন। একইসাথে যোগ, বিয়োগ, গুণ ও ভাগ- প্রতিটির জন্য একটি করে উদাহরণ ব্যাখ্যা করে দিন।<br>● পরবর্তী ২টি সেশন কর্মপত্র ১ এবং কর্মপত্র ২ এর কাজ এর জন্য ব্যবহার করুন। প্রত্যেক শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করুন।<br>● সেশন ৪ এ প্রত্যেক শিক্ষার্থীকে ২৪১ পৃষ্ঠার একক কাজ করতে দিন এবং তাদের কাজ পর্যবেক্ষণ করুন। | ৬ | ৪ |
| **শিখন অভিজ্ঞতা ১৩- তথ্য অনুসন্ধান ও বিশ্লেষণ** | ● ১ম সেশনে ২৪৬ পৃষ্ঠার দলগত কাজ করার নির্দেশনা প্রদান করুন এবং এই কাজের জন্য তথ্যের প্রকারভেদ, তথ্যের ধরন এবং তথ্য সংগ্রহের উপায়সমূহ (২৪২-২৪৪ পৃষ্ঠার আলোচনা) ব্যাখ্যা করুন।<br>● সেশন ২-৪ এ দলগত কাজের উপস্থাপনা পর্যবেক্ষণ করুন। ট্যালি, পরিসর, শ্রেণিব্যাপ্তি, শ্রেণিসংখ্যা উদাহরণ দিয়ে ব্যাখ্যা করুন এবং ২৫২ পৃষ্ঠার একক কাজ বাড়িতে করতে দিন।<br>● সেশন ৫-৭ এ গণসংখ্যা নির্ণয়ের কাজ শিক্ষার্থীরা করবে। এক্ষেত্রে শিক্ষক সহায়তা প্রদান করবেন। উপাত্ত লেখচিত্র (স্তম্ভলেখ এবং আয়তলেখ) উদাহরণ দিয়ে আলোচনা করুন। পাইচিত্রের কাজ ব্যাখ্যা করুন। প্রতিটি লেখচিত্র সম্পর্কিত একক কাজ তারা সমাধান করবে। | ২৩ | ১০ |

| | | | |
|---|---|---|---|
| | • সেশন ৮-১০ এ শিক্ষার্থীরা ২৬৩-২৬৮ পৃষ্ঠার একক কাজ শ্রেণিতে সম্পন্ন করবে। শিক্ষক সহায়তা করবেন এবং প্রয়োজনে সমাধান আলোচনা করে দিবেন। | | |
| **মোট ১০ টি অভিজ্ঞতা** | অতিরিক্ত ৪ সেশন রাখা হলো রিভিউ সেশন, উপস্থাপনা/ প্রদর্শনীর কাজ এবং শিখনকালীন মুল্যায়নের কাজগুলো সুষ্ঠুভাবে পরিচালনার জন্য। | মোট = ৯৭ সেশন | পরিমার্জনের পর মোট সেশন =৬০ |

সাধারণ নির্দেশনা:

১। সেশন শুরুর আগে শিক্ষক সহায়িকা থেকে অভিজ্ঞতার জন্য নির্ধারিত সেশনগুলো নিবিড়ভাবে পড়ে নিন এবং কাজগুলো বিশ্লেষণ করে অভিজ্ঞতার মূল ফোকাস চিহ্নিত করুন এবং ঐ কাজের জন্য সময় দিন। এক্ষেত্রে কোনো সেশন বাদ দেয়া যাবে না বরং সংক্ষিপ্ত আলোচনা এবং বাড়িতে কাজের মাধ্যমে প্রতিটি কাজ নিশ্চিত করতে হবে।

২। এখানে প্রতিটি অভিজ্ঞতার জন্য সেশন পরিমার্জনের কিছু কৌশল উল্লেখ করা হয়েছে। শিক্ষক শিক্ষার্থীদের চাহিদা, শিখন-শিক্ষণ প্রক্রিয়ার সুবিধার্থে এবং প্রেক্ষাপট অনুযায়ী নিজস্ব কৌশল অবলম্বন করতে পারেন। এক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে অভিজ্ঞতার কাজগুলোতে প্রত্যেক শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করাই আপনার লক্ষ্য।

৩। অভিজ্ঞতা চক্রের প্রথম ধাপ-প্রেক্ষাপট নির্ভর অভিজ্ঞতা ধাপটি সংক্ষিপ্ত করুন।

৪। প্রতিফলনমূলক পর্যবেক্ষণ ধাপ পরিচালনার ক্ষেত্রে সময় দিন যাতে করে শিক্ষার্থীরা নিজেদের মতামত প্রকাশ ও চিন্তা করার সুযোগ পায়।

৫। মডেল/পোস্টার তৈরির কাজের ক্ষেত্রে (যেমন- ষষ্ঠ শ্রেণির ক্ষেত্রে মৌলিক উৎপাদকের গাছ, দৈর্ঘ্য মাপি, ত্রিমাত্রিক বস্তুর গল্প এবং সপ্তম শ্রেণির ক্ষেত্রে চলো বৃত্ত চিনি, নানা রকম আকৃতি মাপি প্রভৃতি) শিক্ষার্থীদের বাড়িতে কাজ করার নির্দেশনা দিন। বিদ্যালয়ে নমুনা প্রদর্শন করুন।

৬। শিক্ষক সহায়িকাতে পূর্বজ্ঞান যাচাই এবং পুনরালোচনার জন্য সেশনের যেই সময়গুলো রাখা হয়েছে সেগুলো নতুন বিষয় আলোচনার জন্য কাজে লাগাতে পারেন।

৭। এখানে বিভিন্ন অভিজ্ঞতার অন্তর্গত সেশনগুলো পরিমার্জন করে কাজ সংক্ষিপ্ত করার নির্দেশনা দেয়া হয়েছে কিন্তু এক্ষেত্রে কোনো সেশনের কাজ বা পুরো সেশন বাদ দেয়া যাবে না। প্রয়োজনে বাড়িতে কাজ দিয়ে কিংবা ছুটির দিন কাজে লাগিয়ে সেশনগুলো সম্পন্ন করতে হবে।

৮। প্রতিটি অভিজ্ঞতার পারদর্শিতার নির্দেশকগুলো আগে থেকে চিহ্নিত করে রাখুন। পরিমার্জিত সেশনগুলো পরিচালনার সময় যখন শিক্ষার্থীরা বিভিন্ন কাজ করবে তখন পর্যবেক্ষণ, উপস্থাপনা এবং মৌখিক প্রশ্নোত্তর এর মাধ্যমে নির্ধারিত ছক ব্যবহার করে শিখনকালীন মূল্যায়ন কাজ সম্পন্ন করে রাখুন।

৯। প্রদত্ত ছকে পরিমার্জনের কিছু কৌশল দেয়া হয়েছে। শিক্ষক সহায়িকা অনুসরণ করে সেশনগুলো পরিচালনার সময় এই কৌশলগুলো শিক্ষক ব্যবহার করতে পারেন। বিদ্যালয়ের প্রেক্ষাপট এবং শিক্ষার্থীর শিখন চাহিদা অনুসারে শিক্ষক নিজের মতো করে কৌশলগুলো প্রয়োগ করবেন এবং প্রয়োজনে নিজের কৌশল ব্যবহার করবেন।

১০। সম্মানিত শিক্ষক, নতুন শিক্ষাক্রমের আওতায় ষষ্ঠ ও সপ্তম শ্রেণির গণিত বিষয়ের অভিজ্ঞতাগুলো সুষ্ঠুভাবে পরিচালনা করার ক্ষেত্রে আমরা আপনার সার্বিক সাফল্য কামনা করছি।